**ঢাকা পানি সরবারাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ**
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
মডস জোন-০৫, ঢাকা ওয়াসা
মহাখালী টিবি গেইট, ঢাকা-১২১২
ফোন: ০২২২২২৯৯৩৩৮, +৮৮০১৮১৯২২৯৪১৬, ই মেইল: modszone05dwasa@gmail.com

## সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ০৫-১২-২০২১ ইং তারিখের সভার কার্যবিবরণী

- সভার তারিখ ও সময়: ০৫-১২-২০২১, সকাল ১১:০০ টা।
  সভার স্থান: উপ-সচিব, প্রশাসন-১ এর অফিস কক্ষ।
  সভায় উপস্থিত সদস্যদের তালিকা:
  ১) জনাবা শাহিদা কানিজ, উপ-সচিব, প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা ও সদস্য, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি
  ২) জনাবা আতিয়া পারভীন, উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ), রাজস্ব জোন-৫, ঢাকা ওয়াসা ও সদস্য, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি
  ৩) জনাব মোঃ সালেকুর রহমান, উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), ঢাকা ওয়াসা ও সদস্য, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি
  ৪) জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), মডস জোন-৫, ঢাকা ওয়াসা ও সদস্য-সচিব, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি

- সভার শুরুতে জনাবা শাহিদা কানিজ, উপ-সচিব, প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা উপস্থিত সকলকে স্বাগত জানান। এরপর পুনর্গঠিত সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির নতুন অন্তর্ভূক্ত সদস্য-সচিব জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), মডস জোন-৫ এর সাথে উপস্থিত সকলে পরিচিত হন এবং সভার পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন।
- সভায় আলোচিত বিষয়াদি ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | ওয়াসা ভবনে Citizen Charter প্রদর্শন। | জনাব মোঃ সালেকুর রহমান জানান এলজিইডি এর হেড অফিসে একটি Citizen Charter প্রদর্শিত হচ্ছে। এর আলোকে পূর্ববর্তী সভায় কমিটির আহ্বায়ক সাবেক উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন) জনাব মাহমুদ হোসেন ও সদস্য-সচিব জনাব ইস্রাফিল হোসেন আকন্দ ওয়াসা ভবনে Citizen Charter প্রদর্শনের প্রস্তাব দিয়েছিলেন। | এমতাবস্থায় সাবেক উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন) জনাব মাহমুদ হোসেন ও সাবেক সদস্য-সচিব জনাব ইস্রাফিল হোসেন আকন্দ এর সাথে পরামর্শ করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। | জনাব মোঃ সালেকুর রহমান ও জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী |
| ২. | পানি, পয়ঃ গ্রাহক সংযোগ, মালিকানাধীন গভীর নলকূপ স্থাপনের অনুমতি দান ইত্যাদি সেবায় সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি কলামে আবেদনের ফি এর সাথে ডিমান্ড নোটের বিষয়টি উল্লেখ করা। | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী এ বিষয়ে উপস্থিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে সংশ্লিষ্ট সেবাসমূহ প্রাপ্তির জন্য শুধুমাত্র আবেদনের ফি নয়, পাশাপাশি ডিমান্ড নোটের ফি ও জমা দিতে হয়। এজন্য সংশ্লিষ্ট সেবাসমূহের সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি কলামে তিনি ডিমান্ড নোটের বিষয়টিও অন্তর্ভুক্তির প্রস্তাব করেন। এর প্রেক্ষিতে জনাবা শাহিদা কানিজ সেবার সাথে সংশ্লিষ্ট দপ্তর ও বিশেষজ্ঞ জনের সাথে পরামর্শ করার ব্যাপারে মত দেন। | বিবেচনাধীন | |
| ৩. | সামাজিক শ্রেণীতে পানির সংযোগ গ্রহণের ক্ষেত্রে দাখিলীয় কাগজপত্রে বিদ্যমান পরিচালনা কমিটির কাজ/ বিবরণ অন্তর্ভূক্তকরণ। | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী এ বিষয়ে বলেন যে, বর্তমানে online এ আবেদন করার সময় attachment section এ জমির মালিকানা অথবা ভাড়ার চুক্তিপত্রের সাথে বিদ্যমান পরিচালনা কমিটির কাজ/ বিবরণ সংযুক্ত করতে বলা হয়। এটি বর্তমান citizen charter এ প্রদর্শিত হয় নি। উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে পরামর্শ করার ব্যাপারে মত দেন। | বিবেচনাধীন | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | পানির সংযোগ গ্রহণ সংক্রান্ত সেবাসমূহে দাখিলীয় কাগজপত্রে বর্ণিত ছবি সংযোজনের বিষয়টি স্পষ্টকরণ। | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী এ বিষয়ে বলেন যে, ব্যক্তি পর্যায়ে ও প্রতিষ্ঠান পর্যায়ে পানির সংযোগ গ্রহণের আবেদনপত্রে ছবি সংযোজনের স্থানে ব্রাকেটে ব্যক্তির ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শব্দ/ শব্দগুচ্ছ যুক্ত করে গ্রাহকদের কাছে স্পষ্ট করা যেতে পারে। যেমন: ছবি (ব্যক্তির), ছবি (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের)। উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে পরামর্শ করার ব্যাপারে মত দেন। | বিবেচনাধীন | |
| ৫. | গভীর নলকূপ স্থাপনের অনুমতি দান সেবায় দাখিলীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থানে "প্রযোজ্য নয়" উল্লেখ আছে যা প্রচলিত কার্যাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ করা। | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী বলেন যে, গভীর নলকূপ স্থাপনের অনুমতি দান সেবাটির জন্য online এ dwasa.org.bd ওয়েবসাইটে ঢুকে প্রয়োজনীয় কাগজপত্র সংযোজন করেই আবেদন করতে হয়। এজন্য প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান কলামে যথাযথ তথ্য প্রদান আবশ্যক। উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে পরামর্শ করার ব্যাপারে মত দেন। | বিবেচনাধীন | |
| ৬. | বস্তি এলাকায় পানি সরবারাহ শীর্ষক সেবার নামটি পরিবর্তন করা। | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী এ বিষয়ে বলেন যে, বস্তি এলাকায় বা LIC তে পানি সরবারাহের কাজটি মূলত মডস জোনগুলোই করে থাকে। আর কমিউনিটি প্রোগ্রাম ও কনজ্যুমার রিলেশন শাখা CBO ও NGO দের সহায়তায় পানির সংযোগ গ্রহণের আবেদনে গ্রাহককে সহায়তা ও রাজস্ব আদায়ের বিষয়টি নিয়ে কাজ করে। সেজন্য উক্ত সেবাটির নামটি "বস্তি এলাকায় পানি সরবারাহ" না হয়ে "বস্তি এলাকায় পানি ব্যবস্থাপনা" হওয়া যৌক্তিক বলে তিনি মনে করেন। এ প্রসঙ্গে জনাবা শাহিদা কানিজ সিনিয়র কমিউনিটি অর্গানাইজার জনাব মীর মেহেদী হোসেনকে পরবর্তী কোন সভায় আহ্বান করে আলোচনা করার প্রস্তাব রাখেন। | সিনিয়র কমিউনিটি অর্গানাইজার জনাব মীর মেহেদী হোসেনের সাথে আলোচনা করতে হবে। | সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি |
| ৭. | এফ.এম. বিভাগ-১,২; জেনারেটর বিভাগ, মিটার বিভাগ, সংগ্রহ বিভাগ-১,২; ভান্ডার বিভাগ ইত্যাদি বিভাগ হতে প্রাপ্ত সেবাকে সিটিজেন চার্টারে অন্তর্ভূক্ত করা। | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী ঢাকা ওয়াসায় গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত এফ.এম. বিভাগ-১,২; জেনারেটর বিভাগ, মিটার বিভাগ, সংগ্রহ বিভাগ-১,২; ভান্ডার বিভাগ ইত্যাদি বিভাগ হতে প্রাপ্ত সেবাকে প্রাতিষ্ঠানিক অথবা অভ্যন্তরীণ সেবায় অন্তর্ভূক্ত করার মত দেন। এ প্রসঙ্গে জনাবা শাহিদা কানিজ সংশ্লিষ্ট অফিস প্রধান/ সার্কেল প্রধানের সাথে মতবিনিময় এবং প্রয়োজনে ওয়ার্কশপ করার প্রস্তাব রাখেন। | বিবেচনাধীন | |
| ৮. | সিটিজেন চার্টারে সেবা সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কলামটি হালনাগাদ করা। | এ প্রসঙ্গে কমিটির সদস্যবৃন্দ পদোন্নতি, বদলী, ছুটি ও অন্যান্য কারণে বিভিন্ন দপ্তরে দায়িত্বরত কর্মকর্তার নাম, পদবী, ফোন নম্বর হালনাগাদ করার বিষয়ে আলোচনা করেন। যেমন:<br>- মডস জোন-৫ এর নির্বাহী প্রকৌশলীর নাম ইস্রাফিল হোসেন আকন্দ এর স্থলে মোহাম্মদ তৌহিদ এলাহী<br>- মডস জোন-৭ এর নির্বাহী প্রকৌশলীর নাম আবিদ হোসেন এর স্থলে মোঃ শাহ্ আলম<br>- গৃহনির্মাণ অগ্রিম সেবায় শাহিদা কানিজ এর স্থলে এস. এম. রিয়াদ হোসেন<br>- অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা মোঃ আবদুল লতিফ এর স্থলে মোঃ আজিজুল হক<br>এর প্রয়োজনীয় তথ্যাদি হালনাগাদের বিষয়টি সকলের দৃষ্টি গোচর হয়। | আলোচিত কর্মকর্তাদের প্রয়োজনীয় তথ্যাদি হালনাগাদ করতে হবে। | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী ও সহযোগিতায়: কমিটির সদস্যবৃন্দ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | অবহিতকরণ সভা আয়োজন | জনাবা শাহিদা কানিজ APA 2021-2022 এর লক্ষ্যমাত্রা অর্জনে মন্ত্রণালয় ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মধ্যে স্বাক্ষরিত চুক্তিতে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়টি সকলের নজরে আনেন। এ প্রসঙ্গে মোহাম্মদ তৌহিদ এলাহী ও জনাব মোঃ সালেকুর রহমান বিশেষজ্ঞগণের সাথে পরামর্শের জন্য মত দেন। জনাবা শাহিদা কানিজ মডস ও রাজস্ব জোনসমূহে দৃষ্টি আকর্ষণ করে চিঠি প্রদানের প্রস্তাব করেন। | বিবেচনাধীন | |
| ১০. | Citizen Charter সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | জনাবা শাহিদা কানিজ APA 2021-2022 এর লক্ষ্যমাত্রা অর্জনে Citizen Charter পরিবীক্ষণ ও বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি সকলের নজরে আনেন। এ বিষয়ে জনাবা আতিয়া পারভীন ও জনাব মোঃ সালেকুর রহমান প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা-কে এ বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য দৃষ্টি আকর্ষণ করতে মতামত প্রদান করেন। এ সময় জনাবা শাহিদা কানিজ মুঠোফোনে প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা জনাব জোয়াহের আলী সিদ্দিকীকে বিষয়টি তাৎক্ষণিক অবহিত করেন। | প্রধান প্রশিক্ষণ কর্মকর্তাকে দৃষ্টি আকর্ষণ করে চিঠি প্রদান। | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী |

- সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় জনাবা শাহিদা কানিজ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

29-12-2021
(মোহাম্মদ তৌহিদ এলাহী)
নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ)
মডস জোন-৫
ও
**সদস্য-সচিব, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি**
ঢাকা ওয়াসা